

জেলা সমবায় কার্যালয়, গোপালগঞ্জ এর তথ্য অধিকারসংক্রান্ত বার্ষিক প্রতিবেদন

ভূমিকা:

জেলা সমবায় অফিস, গোপালগঞ্জ তথ্য অধিকার আইন, বিধিমালা ও প্রবিধান মোতাবেক জনগণকে তথ্য প্রদানে বদ্ধপরিকর। এ দপ্তরের তথ্য বাতায়নে তথ্য অধিকার সংক্রান্ত একটি সেবা বক্স রয়েছে যেখানে তথ্য প্রদানকারী, বিকল্প তথ্য প্রদানকারী ও আপিল কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর, তথ্য অধিকারসংক্রান্ত আইন ও বিধি, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য এবং প্রকাশের মাধ্যম, গণশুনানি, সিটিজেন চার্টার এবং অফিসের কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন তথ্য আপলোড করা রয়েছে। তথ্যগুলো নিয়মিত আপডেট করে রাখা হয়। সিটিজেন চার্টার অফিস ভবনের দৃশ্যমান স্থানে লটকানোও রয়েছে। একজন ফ্রন্ট ডেস্ক নিয়মিত ফন্ট ডেস্কে বসে তথ্য/সেবা লাভে আগ্রহীদের সাথে কথা বলে যে কর্মীর কাছে তথ্য/সেবা প্রাপ্য সে কর্মীর নিকট নিয়ে যান।

১। তথ্য অধিকারসংক্রান্ত তথ্য প্রদানকারী এবং বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, আপিল কর্মকর্তা:

- তথ্য প্রদানকারী কর্মকর্তা: মোঃ নবীউল ইসলাম, জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ [মোবাইল: ০১৭১২-৬৫০০৬৮]
- বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা : আবু হানিফ, পরিদর্শক, জেলা সমবায় অফিস, গোপালগঞ্জ [মোবাইল: ০১৭১১-২৮৭৫৯২]
- আপিল কর্মকর্তা: শেখ কামাল হোসেন, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা [মোবাইল: ০১৮১৬-৮৬০২৮১]

২। তথ্য অধিকারসংক্রান্ত আইন ও বিধি বাতায়নে প্রকাশ:

এতৎসংক্রান্ত আইন-বিধি-প্রবিধান তথ্য বাতায়নে আপলোড করা রয়েছে। এ দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে এ ব্যাপারে প্রচারণা চালানো হয়ে থাকে।

৩। তথ্য অধিকার বাস্তবায়নসংক্রান্ত বিভিন্ন প্রান্তিকের প্রতিবেদন প্রকাশ:

এতৎসংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাস শেষ হওয়ার পরপরই উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়ে থাকে এবং তথ্য বাতায়নে আপলোড করা হয়ে থাকে।

৪। তথ্য অধিকারসংক্রান্ত বিভিন্ন কার্যক্রম:

ওয়েবপোর্টাল আপডেটকরণ, সিটিজেন চার্টার প্রকাশ, সভা আয়োজন, প্রশিক্ষণ আয়োজন, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপন, গণশুনানি আয়োজন, মাসিক সমন্বয় সভায় আলোচনা ইত্যাদি।

৫। অফিস সম্পর্কিত যেসব তথ্য বাতায়নে প্রকাশ করা রয়েছে:

এক নজরে, ভিশন ও মিশন, আমাদের অর্জনসমূহ, সাম্প্রতিক কর্মকান্ড, ভবিষ্যৎ পরিকল্পনা, ঘটনাপুঞ্জ, বিভাগীয় আইন-বিধিমালা-নীতিমালা, গার্ডফাইল, সেবার তালিকা, সিটিজেন চার্টার (পূর্বোক্ত), কী সেবা কীভাবে পাবেন, সেবাপুঞ্জ, প্রশিক্ষণ ও পরামর্শ, প্রশিক্ষণের তালিকা, প্রশিক্ষণের বিস্তারিত, প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ, প্রশিক্ষণের জন্য যোগাযোগ, অধিনস্থ অফিসসমূহের ওয়েবঠিকানা, উর্দ্ধতন অফিসসমূহের ওয়েবঠিকানা, অফিস যোগাযোগ, ডাক যোগাযোগ, অনলাইন যোগাযোগ, যোগাযোগ ম্যাপ (গুগল ম্যাপ), কীভাবে অফিসে আসবেন, জনবল, বর্তমান অফিস প্রধান, প্রাক্তন অফিস প্রধানগণ, সাংগঠনিক কাঠামো, জেলা অফিসে কর্মরত কর্মকর্তাগণ, জেলা অফিসে কর্মরত কর্মচারীবৃন্দ, উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ ইত্যাদি তথ্য অফিসের তথ্য বাতায়নে প্রকাশ করা রয়েছে।

উপসংহার:

তথ্যই শক্তি এবং তথ্য জনগণের অধিকার। জেলা সমবায় কার্যালয়, গোপালগঞ্জ এ শক্তিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনা করে থাকে এবং মানুষের তথ্য প্রাপ্তির অধিকারকে সম্মান প্রদর্শন করে থাকে।

স্মারক নম্বর: ৯৫০

সদয় অবগতির নিমিত্ত যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা মহোদয় সমীপে দাখিল করা হলো।

তারিখ: ১৩-১০-২০২২



১৩-১০-২০২২

মোঃ নবীউল ইসলাম
জেলা সমবায় অফিসার
গোপালগঞ্জ।